# পলিটেকনিক ইনস্টিটিউটের সংকট নিরসনের দাবি

**নিজস্ব বার্তা পরিবেশক** : শনিবার, ১৭ এপ্রিল ২০২১

প্রধানমন্ত্রী প্রতিশ্রুত ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের পেশাগত সমস্যা সমাধান ও ন্যাশনাল বিল্ডিং কোডে (বিএনবিসি) অসামঞ্জস্যতা দূরীকরণের দাবি জানিয়েছেন পলিটেকনিক শিক্ষক সমিতি (বাপশিস)।

তারা অবিলম্বে প্রাথমিক নিযুক্তির সময় অন্যান্য পেশাজীবীদের মতো ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদেরও একটি স্পেশাল ইনক্রিমেন্ট এবং ডিজাইন ও প্ল্যানিংয়ে কর্মরত উপ-সহকারী প্রকৌশলীদেরও (ডিপ্লোমা) সহকারী প্রকৌশলীদের মতো ৩টি বিশেষ ইনক্রিমেন্ট দেয়ার দাবি জানিয়েছেন। বাপশিসের এক ভার্চুয়াল সভায় বক্তারা এ দাবি জানান।

তাদের অন্যান্য দাবির মধ্যে রয়েছে, সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা ও সরকারি মালিকানাধীন

কোম্পানিতে কর্মরত ডিপ্লোমা ইঞ্জিনিয়ার উপ-সহকারী প্রকৌশলী/সমমানের পদ থেকে সহকারী প্রকৌশলী/ সমমানের পদে পদোন্নতির কোটা ৫০ শতাংশে উন্নীতকরণসহ সর্বোচ্চ পদ পর্যন্ত পদোন্নতি অবারিত করা।

এছাড়াও পলিটেকনিক, টিএসসি, এসএসসি (ভোকেশনাল) এবং বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণলায়ের টিটিসির শিক্ষক-কর্মচারীর শূন্য পদ পূরণসহ শিক্ষক সঙ্কট নিরসণ, স্থায়ীকরণ, কারিগরি শিক্ষার শিক্ষার্থীদের ইন্ডাস্ট্রিয়াল টেনিং ভাতা ও বৃত্তির টাকা আন্তঃমন্ত্রণালয় কমিটির সুপারিশের পুরোপুরি বাস্তবায়ন, বেসরকারি সংস্থায় কর্মরত ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের নূন্যতম বেতন স্কেল নির্ধারণ ও পদবী প্রদানের দাবি জানিয়েছেন।

বাপশিসের সাধারণ সম্পাদক জিএম আকতার হোসেনের সঞ্চালনায় অনুষ্ঠিত ভার্চুয়াল সভা সভাপতিত্ব করেন আইডিইবি'র সভাপতি একেএম এ হামিম। অনুষ্ঠানে বক্তব্য রাখেন আইডিইবি'র কেন্দ্রীয় সাধারণ সম্পাদক শামসুর রহমান, যুগ্ম সাধারণ সম্পাদক ফজলুর রহমান খান, চাকরি বিষয়ক সম্পাদক আব্দুল কুদ্দুছ, সাংগঠনিক সম্পাদক রেহান মিয়া, জনসংযোগ ও প্রচার সম্পাদক সিরাজুল ইসলাম, আইডিইবি ঢাকা শাখার সভাপতি খবির হোসেন, সাধারণ সম্পাদক আব্দুল মান্নান প্রমুখ বক্তব্য রাখেন।

নেতারা বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোডে ডিগ্রি ও ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের মধ্যে অসামঞ্জস্যতা সংশোধন, ডিগ্রি ইঞ্জিনিয়ারের সংজ্ঞা পূনঃনির্ধারণ, ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের বিএনবিসিতে উল্লেখিত ক্যাটাগরি দুই অর্থাৎ পঞ্চম তলা পর্যন্ত স্ট্রাকচারাল ডিজাইনের সুযোগ দেয়া, স্থাপত্য নকশায় ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের (সিভিল)

অন্তর্ভুক্তসহ ১০ তলার ওপরে কন্সট্রাকশন সুপারভিশনের অভিজ্ঞতা ডিগ্রি প্রকৌশলীদের ক্ষেত্রে আট বছরের পরিবর্তে পাঁচ বছর এবং ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের ক্ষেত্রে ২০ বছরের পরিবর্তে সাত বছর করে বিএনবিসি গেজেট সংশোধনের আহ্বান জানান।

## শীর্ষ সংবাদ